# Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 10 April, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) শিক্ষার্থীরা ভিন্ন পন্থাতে ইসরায়েলি পণ্য বয়কটের উদ্যোগ নিয়েছে।লিফলেট হাতে নিয়ে দোকানে দোকানে ঘুরে ইসরায়েলি পণ্য বয়কটের বার্তা দিচ্ছে শিক্ষার্থীরা।

১০ই এপ্রিল ( মঙ্গলবার) থেকে এই উদ্যোগ শুরু করেন বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী।

প্রথমদিনে তারা বিশ্ববিদ্যালয়ের আশেপাশে এবং কোটবাড়ির বোর্ড মার্কেটের দোকানগুলোতে কার্যক্রম চালায়।পুরো কুমিল্লা শহরে এই কার্যক্রম চালানোর পরিকল্পনা রয়েছে বলে জানান শিক্ষার্থীরা।

এ বিষয়ে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী বায়েজিদ হোসেন বলেন, 'মানুষ হিসেবে আমাদের সকলের উচিত ফিলিস্তিনের পাশে দাঁড়ানো।আমরা যেহেতু সরাসরি ফিলিস্তিন গিয়ে ইসরায়েলের বিরুদ্ধে যুদ্ধ করতে পারতেছি না, তাই চেষ্টা করতেছি আমাদের সাধ্যের মধ্যে যতটুকু পারি ইসরায়েলি পণ্য বয়কট করার।

তিনি আরও বলেন,' আলহামদুলিল্লাহ আমরা যে সকল ব্যবসায়ী ভাইদের সাথে কথা বলেছি তারা সকলেই ইতিবাচক সাড়া দিয়েছেন।তারা সকলেই ইসরায়েলি পণ্য বয়কট করার প্রতিশ্রুতি দিয়েছে।

আইন বিভাগের ২০২২-২৩ শিক্ষাবর্ষের আরেক শিক্ষার্থী আতিকুর রহমান রায়হান বলেন, 'ইসরায়েলের আমাদের ফিলিস্তিনি ভাই বোনদের ওপর যে গণহত্যা, শিশুহত্যা, নির্যাতন চালাচ্ছে আমাদের উচিত ইসরায়েলের সব ধরনের পন্য বয়কট করা।একজন মানুষ হিসেবে এবং একজন মুসলমান হিসেবে আমাদের ইমানি দায়িত্ব ইসরায়েলের পন্য বয়কট করা।

তিনি আরো বলেন,'আমাদের দায়িত্বের জায়গা থেকে আমরা আজকে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের আশেপাশে এবং কোটবাড়ির বোর্ডমার্কেটের সকল দোকানে জনসচেতনতা বৃদ্ধির জন্য জনসংযোগ চালাচ্ছি।ইনশাল্লাহ আমাদের এই কার্যক্রম অব্যহত থাকবে।

গাজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ,ইরান-ইসরায়েল উত্তেজনা বয়কট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 02:57

URL: https://www.timestodaybd.com/campus/775807564